Australian Government
Department of Home Affairs

অস্ট্রেলিয়ার নাগরিক, স্থায়ী নাগরিক বা সাধারণত অস্ট্রেলিয়ায় বসবাসকারী নিউজিল্যান্ডের নাগরিক

আপনি যদি অস্ট্রেলিয়ান নাগরিক, স্থায়ী বাসিন্দা বা নিউজিল্যান্ডের নাগরিক সাধারণত অস্ট্রেলিয়ায় বাস করেন তবে আপনি অস্ট্রেলিয়া ভ্রমণ করতে পারেন।

অস্ট্রেলিয়ান কমিউনিটির স্বাস্থ্য সুরক্ষিত রাখার জন্য অস্ট্রেলিয়া তার সীমান্ত কঠোরভাবে নিয়ন্ত্রণ করে থাকে। বর্তমানে অস্ট্রেলিয়ায় খুব সীমিত সংখ্যক ফ্লাইট আসা-যাওয়া করে এবং এই মুহূর্তে আপনার জন্য ভ্রমণ করাটা সম্ভব নাও হতে পারে। দেখুন Smartraveller। ভ্রমণের উপর আরোপিত নিষেধাজ্ঞাগুলো পরিবর্তন করা হতে পারে। অনুগ্রহ করে নিয়মিত খোঁজ রাখুন। দেখুন:গণমাধ্যমে প্রদত্ত মন্ত্রিসভার বিবৃতি।

নিউজিল্যান্ড থেকে কোয়ারানটিনমুক্ত ফ্লাইটে না এসে থাকলে অস্ট্রেলিয়ান নাগরিকসহ অস্ট্রেলিয়ায় আগত সকল ভ্রমণকারীকে আগত শহরে হোটেলের মতো যেকোনো একটি নির্ধারিত স্থানে 14 দিনের জন্য কোয়ারেন্টিনে থাকতে হবে। ভ্রমণকারীদের জন্য করোনাভাইরাস (COVID-19) সংক্রান্ত পরামর্শ দেখুন।

কোয়ারেন্টিনে থাকাকালীন ব্যয় বাবদ আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে। কোয়ারেন্টিনের শর্তগুলো সম্পর্কে আরও জানতে সংশ্লিষ্ট স্টেট বা টেরিটরি সরকারের স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করুন।

অস্ট্রেলিয়ান নাগরিক

অস্ট্রেলিয়ান নাগরিকগণ অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে পারবেন এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বৈধ অস্ট্রেলিয়ান পাসপোর্ট ছাড়াই তা করতে পারবেন। ভ্রমণে যাওয়ার আগে আপনি যে দেশে যাচ্ছেন, সে দেশের বিষয়ে কোনো নিষেধাজ্ঞা রয়েছে কি না, সে সম্পর্কে আপনার জেনে নেওয়া উচিত। দেখুন Smartraveller

আপনার যদি বৈধ পাসপোর্ট না থাকে এবং পাসপোর্ট পাওয়ার আগেই যদি আপনার ভ্রমণ করার প্রয়োজন পড়ে, তাহলে অনুগ্রহ করে বিমানে কর্মীদের জানিয়ে রাখুন যে, আপনি অস্ট্রেলিয়ান নাগরিক এবং অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য আপনার ভিসার প্রয়োজন পড়বে না। আপনার

নাগরিকত্ব যাচাই করতে বিমান সংস্থা অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্সের সাথে যোগাযোগ করবে। আপনাকে অবশ্যই অন্যান্য পরিচয়পত্রের কাগজপত্র সাথে রাখতে হবে।

অস্ট্রেলিয়ার স্থায়ী নাগরিক

স্থায়ী বাসিন্দা এবং অস্থায়ী পারিবারিক ভিসাধারীরা অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে পারেন। অব্যাহতির শ্রেণীবিভাগ এবং ভ্রমণ নিষেধাজ্ঞা সম্পর্কে পরামর্শ দেখুন।

স্থায়ী ভিসায় সাধারণত 5 বছরের ভ্রমণের সুবিধা থাকবে। আপনার স্থায়ী ভিসা ভ্রমণের সুবিধা শেষ হওয়ার সময়আপনি যদি অস্ট্রেলিয়ার বাইরে থাকেন তবে আপনি অস্ট্রেলিয়ায় ফিরতে পারবেন না।

স্থায়ী বাসিন্দা হিসাবে আপনি কিভাবে অস্ট্রেলিয়ায় আবার প্রবেশ করতে পারেন তা জানতে দেখুন স্থায়ী বাসিন্দা।

প্রথম প্রবেশের আগমনের তারিখ (প্রাথমিক আগমনের তারিখ)

এই তথ্যটি কেবলমাত্র নিম্নলিখিত স্থায়ী এবং অস্থায়ী পারিবারিক ভিসাধারীদের ক্ষেত্রে প্রযোজ্য:

- অংশীদার (সাবক্লাস 309 বা 100)
- অভিভাবক ভিসা (সাবক্লাস 143 বা 103)
- শিশু ভিসা (সাবক্লাস 101 বা 102 বা 445)
- অন্যান্য পরিবার ভিসা (সাবক্লাস 114, 115, 116 বা 117)

আপনি যদি আপনার ভিসার প্রথম প্রবেশের তারিখের আগে অস্ট্রেলিয়ায় ভ্রমণ করতে না পারেন তবে আপনি পরবর্তী সময়েও অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে পারেন। আপনার ভিসার মেয়াদ থাকতে হবে এবং আপনাকে অবশ্যই অন্যান্য সকল প্রয়োজনীয়তা এবং ভিসার শর্তাদি পূরণ করতে হবে।

ভ্রমণের পরিকল্পনা করার সময়, আপনাকে ভ্রমণ সুবিধার জন্য একটি আবেদন ফরম জমা দিতে হবে।

এরপরে আমরা আপনাকে একটি ভ্রমণ সুবিধাপত্র পাঠাতে পারি যে আপনাকে ভিসার প্রথম প্রবেশের তারিখের পরে অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি দেওয়া হচ্ছে। যদি আমরা আপনাকে কোনো ভ্রমণ সুবিধাপত্র দেই তবে এটি আপনার সাথে প্রস্থান বন্দরে নিয়ে আসুন। আপনাকে এয়ারলাইন চেক-ইন এবং অস্ট্রেলিয়ায় আগমনের পরে এটি দেখাতে হতে পারে।

উপরে উল্লেখিত পারিবারিক ভিসাগুলোর মধ্যে কোনো একটি না থাকলে এবং আপনার প্রবেশের প্রথম আগমনের তারিখ যদি 3 মাসেরও কম সময়ের মধ্যে হয় তবে আপনাকে ভ্রমণ সুবিধাপত্রটি দেওয়া হবে না।

দ্রষ্টব্য: প্রথম প্রবেশের আগমনের তারিখ (প্রাথমিক আগমনের তারিখ) 'তারিখের পরে আগমনকরবে না' (আগমনের শেষ তারিখ) থেকে আলাদা।

আপনি যদি ভ্রমণের সুবিধাপত্রের জন্য আবেদন করেন তবে আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে:

- আপনার একটি বৈধ স্থায়ী বা অস্থায়ী পারিবারিক ভিসা রয়েছে
- আপনার ভিসা প্রদানের চিঠিতে বর্ণিত প্রথম প্রবেশের আগমনের তারিখ (প্রাথমিক আগমনের তারিখ) অস্ট্রেলিয়া ভ্রমণের আগে অতিক্রম হয়ে গেছে বা হয়ে যাবে
- আপনি আগামী 12 মাসের মধ্যে অস্ট্রেলিয়া ভ্রমণের পরিকল্পনা করছেন।

আপনার যদি সম্ভাব্য বিবাহ (সাবক্লাস 300) ভিসা থাকে তবে আরও তথ্যের জন্য ভিসার আবেদন খরচ গুলোর ফেরত ও ছাড়সমূহ দেখুন।

সাধারণত অস্ট্রেলিয়ায় বসবাসকারী নিউজিল্যান্ডের নাগরিক

নিউজিল্যান্ডের নাগরিকদের মধ্যে যারা সাধারণত অস্ট্রেলিয়ায় থাকেন (444 সাবক্লাস ভিসা বা অন্যান্য স্থায়ী বা অস্থায়ী ভিসার মাধ্যমে), তারা অস্ট্রেলিয়ায় আসতে পারবেন।

অস্ট্রেলিয়ায় বিমানে আগমনের আগে যদি আপনি নিউজিল্যান্ডে 14 দিন বা তার বেশি সময় পর্যন্ত না থেকে থাকেন তবে অবশ্যই আপনাকে চেক-ইন-এ নাগরিকত্বের নথিপত্রের প্রমাণ উপস্থাপন করতে হবে। গ্রহণযোগ্য নাগরিকত্বের নথিপত্রের প্রমাণের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- সরকার প্রদত্ত নথিপত্র (যেমন, অস্ট্রেলিয়ায় প্রদত্ত ড্রাইভারের লাইসেন্স, মেডিকেয়ার কার্ড, অস্ট্রেলিয়ার কর দপ্তরে অস্ট্রেলিয়ান নাগরিক হিসেবে করা নিবন্ধন),যেগুলোর জন্য নিচের বিষয়গুলো নিশ্চিতকারী এক বা একাধিক সমর্থনকারী নথিপত্র রয়েছে:
    - অস্ট্রেলিয়ায় আপনার চাকরি বা অনুমোদিত শিক্ষা গ্রহণ চলমান রয়েছে (বা আপনি আর্থিক সহায়তা পাচ্ছেন, যা স্থানীয় ব্যাংকের বিবৃতির মাধ্যমে প্রমাণিত হবে) বা
    - অস্ট্রেলিয়ায় আপনার নিজস্ব সম্পত্তি রয়েছে বা ভাড়া গ্রহণ করেছেন (যেমন - উপযোগ বিল, ভাড়ার হার সম্পর্কিত বিজ্ঞপ্তি, ইজারা চুক্তি)

আপনি বিমানবন্দরে চেক-ইন করার সময় এই প্রমাণটি দেখাতে পারবেন। আপনার বিমানে উঠার অনুমতি দেওয়ার আগে আপনার নাগরিকত্বের বিপরীতে আপনার ভ্রমণের পূর্ব-ইতিহাস মিলিয়ে দেখা হবে। আপনার পরিস্থিতি সাধারণ নাগরিকত্বের সংজ্ঞার আওতার মধ্যে পড়ে কি না সে সম্পর্কে আপনার সন্দেহ থাকলে নির্ধারিত প্রস্থান সময়ের কমপক্ষে দুই সপ্তাহ আগে মূল্যায়নের জন্য আবেদন করার সুপারিশ রাখা যাচ্ছে।

আপনার আবেদন দাখিল করুন

আমার শরণার্থী এবং মানবহিতৈষীমূলক (XB শ্রেণির) ভিসা আছে

COVID-19 জনিত ভ্রমণ নিষেধাজ্ঞাগুলোর দরুন কারো পক্ষেই অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী নাগরিক না হয়ে থাকলে অস্ট্রেলিয়াতে প্রবেশ করা সম্ভব হচ্ছে না।

যদি আপনি শরণার্থী এবং মানবহিতৈষীমূলক (XB শ্রেণি) ভিসাধারী হয়ে থাকেন তাহলে ইতোমধ্যেই আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ না করে থাকলে আপনাকে স্থায়ী বাসিন্দা হিসেবে বিবেচনা করা হবে না।

শরণার্থী এবং মানবিক (ক্লাস XB) ভিসাধারীদের মধ্যে যারা এখনও অস্ট্রেলিয়া যাননি তারা অব্যাহতি পাওয়ার জন্য আবেদন না করে থাকলে এবং তা অনুমোদিত না হয়ে থাকলে তাদের এই মুহূর্তে অস্ট্রেলিয়ায় প্রবেশ করাটা সম্ভব হবে না। আরও তথ্যের জন্য ভ্রমণ বিষয়ক নিষেধাজ্ঞা দ্রষ্টব্য।

অব্যাহতির জন্য অনলাইনে আবেদন করা

অনুগ্রহ করে প্রত্যেক ব্যক্তির ক্ষেত্রে একবার আবেদন করুন। দুবার আবেদনের কারণে মূল্যায়নে দেরি হবে। যদি আপনার অব্যাহতির অনুমোদন দেওয়া না হয়, তবে আপনার ভ্রমণ পরিকল্পনা অব্যাহত রাখা উচিত নয়, কারণ অস্ট্রেলিয়াগামী কোনো ফ্লাইটে চড়ার অনুমতি আপনাকে দেওয়া হবে না। যদি আপনাকে ভ্রমণের অব্যাহতি প্রদান করা হয়, তাহলে অব্যাহতি প্রদানের সিদ্ধান্তের প্রমাণ আপনাকে বিমানবন্দরে নিয়ে আসতে হবে।

ভ্রমণ অব্যাহতির জন্য আবেদন করুন